

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৮২

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১৫. হায়িযগ্রস্ত মহিলার হায়িয শুরু হওয়ার পূর্বে গোসল ফর্য থাকলে তার গোসল করা

بَابِ اغْتِسَالِ الْحَائِضِ إِذَا وَجَبَ الْغُسْلُ عَلَيْهَا قَبْلَ أَنْ تَحِيضَ

## আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ حَدَّتَنَا زَائِدَةُ عَنْ صَدَقَةَ بْنِ سَعِيدِ الْحَنَفِيِّ حَدَّثَنِي جُمَيْعُ بْنُ عُمَيْرٍ أَحَدُ بَنِي تَيْمِ اللَّهِ بْنِ ثَعْلَبَةَ قَالَ دَخَلْتُ مَعَ أُمِّي وَخَالَتِي عَلَى عَائِشَةَ فَسَأَلَتْهَا إِحْدَاهُمَا كَيْفَ بَنِي تَيْمِ اللَّهِ بْنِ ثَعْلَبَةِ قَالَ دَخَلْتُ مَعَ أُمِّي وَخَالَتِي عَلَى عَائِشَةَ فَسَأَلَتْهَا إِحْدَاهُمَا كَيْفَ تَصَنْعِينَ عِنْدَ الْغُسْلِ فَقَالَتْ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَطَهَّرُ طُهُورَهُ لِلصَّلَاةِ وَيُفِيضُ عَلَى رُءُوسِنَا خَمْسًا مِنْ أَجْلِ لِلصَّلَاةِ وَيُفِيضُ عَلَى رُءُوسِنَا خَمْسًا مِنْ أَجْلِ الضَّقْدِ

## বাংলা

১১৮২. বানী তাইমিল্লাহ ইবনু ছা'লাবাহ গোত্রের এক ব্যক্তি জুমাই ইবনু উমাইর হতে বর্ণিত, তিনি বলেন, আমি আমার মা ও খালার সাথে আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার নিকট প্রবেশ করলাম। তাদের মধ্যে কোন একজন তাকে জিজ্ঞেস করলো, আমরা কিভাবে গোসল করবো?তখন তিনি বললেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাতের পবিত্রতা অর্জনের মতো করে পবিত্রতা অর্জন করতেন (ওযু করতেন)। তিনি তাঁর মাথায় তিনবার পানি প্রবাহিত করতেন। আর আমরা আমাদের মাথায় পাঁচবার পানি প্রবাহিত করতাম আমাদের চুলে খোঁপা বাঁধা থাকার কারণে।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ। জুমাই ইবনু উমাইর আমাদের নিকট যয়ীফ, যা মুসনাদুল মাউসিলী নং ৪৮৫৭ এ রয়েছে। অবশিষ্ট বর্ণনাকারীগণ বিশ্বস্ত।

তাখরীজ: আবু দাউদ ২৪১; বাইহাকী ১/১৮০; ইবনু মাজাহ ৫৭৪।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন